

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৬৬

২/ সালাত (নামায) (১ সালাত (১ সালাত (১ সালাত (১ সালাত (১ সালাত ১ সালাত ১ সালাত ১ সালাত ১ সালাত ১ সালাত ১ সালাত ১

পরিচ্ছেদঃ ৩৬১. কুরআন মাজিদের কিরা'আতের মধ্যে 'তারতিল' সম্পর্কে।

باب اسْتِحْبَابِ التَّرْتِيلِ فِي الْقِرَاءَةِ

#### আরবী

حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِدِ بْنِ مَوْهَبِ الرَّمْلِيُّ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ يَعْلَى بْنِ مَمْلَك، أَنَّهُ سَأَلَ أُمَّ سَلَمَةَ عَنْ قِرَاءَةِ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَصلاَتِهِ فَقَالَتْ وَمَا لَكُمْ وَصلاَتَهُ كَانَ يُصلِّي وَيَنَامُ قَدْرَ مَا صلَّى ثُمَّ يُصلِّي قَدْرَ مَا نَامَ ثُمَّ يَنَامُ قَدْرَ مَا صلَّى ثُمَّ يُصلِّي قَدْرَ مَا نَامَ ثُمَّ يَنَامُ قَدْرَ مَا صلَّى حُتَّى يُصبِّحَ وَنَعَتَتْ قِرَاءَتَهُ فَإِذَا هِي تَنْعَتُ قِرَاءَتَهُ حَرْفًا حَرْفًا حَرْفًا .

#### বাংলা

১৪৬৬. য়াযীদ ইবন খালিদ (রহঃ) ..... ইয়ালা ইবন মুমাল্লাক্ (রহঃ) হতে বর্ণিত। একদা তিনি উম্মে সালামা (রাঃ)-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহে ওয়াসাল্লামের নামায ও কিরাআত সম্পর্কে জিজ্ঞাসা করেন। তিনি বলেন, তাঁর ও তাঁর নামাযের সংগে তোমাদের সম্পর্ক কি? তিনি যতক্ষণ নামায আদায় করতেন, ততক্ষণ সময় ঘুমাতেন; অতঃপর তিনি যতক্ষণ ঘুমাতেন তৎপরিমাণ সময় নামাযের মধ্যে অতিবাহিত করতেন; তিনি যতক্ষণ নামাযের মধ্যে কাটাতেন, ততক্ষণ সময় নিদ্রা যেতেন এবং এরূপে তিনি সকালে উপনীত হতেন। তিনি তার কিরাআত পাঠের বর্ণনা প্রসংগে বলেন, তিনি কিরাআতের প্রতিটি হরফ (অক্ষর) স্পষ্টরূপে উচ্চারণ করে তিলাওয়াত করতেন। (তিরমিয়ী, নাসান্টা)।

### **English**

Narrated Umm Salamah, Ummul Mu'minin:

Ya'la ibn Mumallak said that he asked Umm Salamah about the recitation and prayer of the Messenger of Allah (ﷺ).

She said: What have you to do with his prayer? He would pray, then sleep as long as he had prayed, till morning. She then described his recitation and did



## so with an exposition word by word.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন